গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা।

নথি নং-৫-কাস-১২ (১৫) নীতিপদ্ধতি/স্থায়ীআদেশ/২০১৫ তারিখ: /১০/২০২০খ্রি:

স্থায়ী আদেশ নং-২/২০২০

হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান পরীক্ষণ, শুল্কায়ন, খালাসের অনুমোদন ও খালাস প্রদানের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক অনুসরণীয় কর্মপন্থা সম্বলিত নিম্নরূপ স্থায়ী আদেশ জারী করা হলো:

ক) আমদানীকারক বা তাঁর মনোনিত প্রতিনিধি (কাস্টমস হতে লাইসেন্স প্রাপ্ত ক্লিয়ারিং এন্ড ফরোওয়ার্ডিং এজেন্ট) এ্যাসাইকুডা ওয়ার্ল্ডে বিল অব এন্ট্রি দাখিলপূর্বক প্রযোজ্য দলিলাদিসহ পন্য চালান পরীক্ষন/নমুনা উত্তোলনের জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করবেন। রাজস্ব স্ট্যাম্প সম্বলিত ঘোষিত বিল অব এন্ট্রি আবেদন হিসেবে বিবেচিত হবে এবং কাস্টমসের ফ্রেইট ইউনিট কর্তৃক যথাপোযুক্ত কর্মকর্তা (রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে) স্বাক্ষরপূর্বক পরীক্ষণ কর্মকর্তা মনোনয়ন করে চালানটি পরীক্ষণ বা নমুনা উত্তোলন বা ক্ষেত্র বিশেষে উভয়ের জন্য অনুমতি প্রদান করবেন।

খ) The Custom Act, 1969 এর সেকশন ১২ দ্বারা অনুমোদনপ্রাপ্ত শুল্ক গুদামের (পাবলিক বন্ডেড ওয়্যারহাউস) লাইসেন্সপ্রাপ্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর কার্গো শাখা কাস্টমসের ফ্রেইট শাখার অনুমোদনের ভিত্তিতে বিল অব এন্ট্রিতে উল্লিখিত এয়ারওয়ে বিলের পণ্য চালান পরীক্ষণে সহায়তা করবেন। পণ্য চালান পরীক্ষণের পূর্বে আমদানীকারক বা তাঁর মনোনিত প্রতিনিধিকে বাধ্যতামূলকভাবে পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। পণ্য পরীক্ষণকালে উক্ত এয়ারওয়ে বিল সংশ্লিষ্ট পণ্যের মার্কস নম্বর, কার্টুন সংখ্যা ও ওজন অনুসারে পণ্য পরীক্ষণে কাস্টমস কর্তৃপক্ষকে পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কর্তৃপক্ষ (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রয়োজনীয় সহায়তা করবেন।

গ) নমুনা উত্তোলনে কাস্টমস কর্তৃপক্ষের অনুমোদনদৃষ্টে পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপারের (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রতিনিধির উপস্থিতিতে মনোনিত কাস্টমস কর্মকর্তা নমুনা উত্তোলনে করবেন। নমুনা উত্তোলনপূর্বক নমুনা সংশ্লিষ্ট বর্ননা কাস্টমস কর্মকর্তা ও পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপারের (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রতিনিধির যৌথ স্বাক্ষরিত দলিলাদি ডেলিভারী গেইটে প্রদর্শনপূর্বক নমুনা কাস্টম হাউসের শুল্কায়ন গ্রুপে প্রেরণের অনুমতি প্রদান করা হবে।

ঘ) যে পণ্য চালান শুল্কায়িত ও শুল্ক পরিশোধিত হয়েছে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষ পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপার (Custodian) হিসেবে ASYCUDA System এ Log-in করে (তাঁদেরকে এতোমধ্যে User ID ও Password প্রদান করা হয়েছে) উক্ত পণ্য চালান খালাসের সমর্থনে দাখিলকৃত দলিলাদিতে বর্ণিত তথ্যাদির সাথে ASYCUDA System এ রক্ষিত তথ্যাদি (যা real time এ view করা যায়) যথা বিল অব এন্ট্রি নম্বর, তৎসংশ্লিষ্ট আমদানীকারক, রপ্তানীকারক, ক্লিয়ারিং এজেন্টের তথ্য; চালানটি শুল্কায়িত ও শুল্ক পরিশোধিত কি'না; এয়ারওয়ে বিল, কার্টুন সংখ্যা, মার্কস নম্বর এবং ওজন সঠিক রয়েছে কি'না যাচাই করে ডেলিভারীর জন্য এক্সিট নম্বর (এক্স নম্বর) প্রদান করত: লোডিং এর অনুমতি প্রদান করবেন। অত:পর পণ্য ছাড়করণের লক্ষ্যে আমদানীকারক বা তাঁর মনোনিত প্রতিনিধি শুল্ক পরিশোধিত দলিলাদি ডেলিভারী গেইটে কাস্টমস এন্ট্রি কর্মকর্তার নিকট দাখিল করবেন। কাস্টমস এন্ট্রি কর্মকর্তা দলিলাদির সাথে এক্সিট নম্বরের ভিত্তিতে এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের তথ্য যাচাই করে গেইট ভেরিফাই করত: এ্যাসেসমেন্ট শীটে স্বাক্ষর প্রদান করবেন।

ঙ) রাজস্ব সুরক্ষা অধিকতর নিশ্চিতকল্পে ঝুকিঁ ব্যবস্থাপনায় বা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে প্রয়োজন অনুসারে খালাস পর্যায়ে কাস্টমস কর্তৃপক্ষের উপযুক্ত কর্মকর্তা ডেলিভারী চ্যানেলে পণ্যের ঘোষণা ও বর্ননা শুল্কায়িত দলিলাদির ভিত্তিতে পরীক্ষণ করবেন। প্রয়োজনীয় পরিক্ষান্তে বা দলিলাদি সঠিক প্রাপ্তি স্বাপেক্ষে কাস্টমস ফ্রেইট কর্মকর্তা স্বাক্ষরপূর্বক পণ্য চালান খালাসের জন্য অনুমতি প্রদান করবেন। অত:পর পণ্য চালান ডেলিভারী গেইটে উপস্থিত হলে পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপারের (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রতিনিধি স্বয়ংক্রিয় পদ্ধতিতে (ASYCUDA System) পুনরায় তথ্যাদি যাচাই করে সঠিক এয়ারওয়ে বিলের বিপরীতে সঠিক পরিমাণ পণ্য খালাস নিশ্চিত করবেন। পণ্য খালাস সমাপ্ত হলে পণ্য সংক্রান্ত নথি আমদানীকারক বা তাঁর মনোনিত প্রতিনিধি কর্তৃক কাস্টমস ডেলিভারী কর্মকর্তার নিকট দাখিল করবেন। কাস্টমস ডেলিভারী কর্মকর্তা স্বাক্ষরপূর্বক নথি সংক্রান্ত তথ্য রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে পরবর্তী কর্মদিবসে স্ব স্ব শুল্কায়ন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

চ) The Custom Act, 1969 এর বিধানবলে কাস্টম হাউস, ঢাকার উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দর ব্যবহার করে ভিন্নতর শুল্ক স্টেশনে পণ্য স্থানান্তর করা যাবে। এ ধরনের ট্রান্সফার কার্গোর (Transhipment/Transit) ক্ষেত্রে আমদানি মেনিফেস্টের ট্রান্সশিপমেন্ট ঘরে ও পোর্ট অব ডিসচার্জ ঘরে ভিন্নতর শুল্ক স্টেশনের বিষয়টি উল্লেখ থাকতে হবে। ট্রান্সফার কার্গোর ক্ষেত্রে পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপারের (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রতিনিধি স্বয়ংক্রিয় পদ্ধতিতে (ASYCUDA System) মেনিফেস্টের কপি যাচাই করে পণ্য স্থানান্তরের অনুমতি প্রদান করবেন এবং এয়ারওয়ে বিলের বিপরীতে প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ করবেন।

০২। যেহেতু আমদানিকৃত পণ্য চালান The Custom Act, 1969 এর বিধানবলে নিস্পত্তি হয় এবং সরকার যুক্তিসংগত কারনেই অটোমেটেড শুল্কায়ন পদ্ধতি এ্যাসাইকুডা ওয়ার্ল্ড প্রচলন করেছে সেহেতু The Custom Act, 1969 এর বিধানবলে আমদানিকৃত পণ্য চালানের সংরক্ষণ/খালাস/অন্যবিধ তথ্যাদি শুধুমাত্র এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের সাথে নির্ণায়কযোগ্য হবে। ফলশ্রুতিতে, পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কর্তৃপক্ষ (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) প্রয়োজনীয় সংখ্যক স্থানে এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের ব্যবহার নিশ্চিত করে পণ্যের দায় নির্বাহে সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করবেন।

০৩। The Custom Act, 1969 এর বিধান প্রতিপালনে অখালাসকৃত পন্য চালানের আইনানুগ নিস্পত্তির জন্য পাবলিক বন্ডেড ওয়্যারহাউস কিপার (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) পণ্য অবতরণের ২১ দিন অতিবাহিত হলে অখালাসকৃত চালানের এয়ারওয়ে বিল ভিত্তিক তথ্য নিয়মিত কাস্টম হাউস, ঢাকাকে অবহিত করতে হবে।

০৪। বিদ্যমান জারীকৃত অফিস আদেশ বা স্থায়ী আদেশের কোনো বর্ণনা বা ব্যাখ্যার সাথে এই আদেশের কোনো বর্ণনা বা অনুচ্ছেদ সাংঘর্ষিক হলে, এই স্থায়ী আদেশের নির্দেশাবলী প্রাধান্য পাবে।

০৫। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০১/১১/২০২০ হতে কার্যকর হবে।

//

মো: মোয়াজ্জেম হোসেন

কমিশনার

নথি নং-৫-কাস-১২ (১৫) নীতিপদ্ধতি/স্থায়ীআদেশ/২০১৫ ১২৫৮৬(৩০) তারিখঃ২৭/১০/২০২০খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। ম্যানেজিং ডিরেক্টর, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা ঢাকা।

০২-০৩। অতিরিক্ত কমিশনার-০১/০২, কাস্টম হাউস, ঢাকা।

০৩-০৪। যুগ্ম কমিশনার-০১/০২, কাস্টম হাউস, ঢাকা।

০৫। জেনারেল ম্যানেজার, কার্গো শাখা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা ঢাকা।

০৬। ডেপুটি/এ্যাসিসটেন্ট কামশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা।

০৭। ইডিপি ম্যানেজার, কাস্টম হাউস, ঢাকা [ওয়েবসাইটে স্থায়ী আদেশটি আপলোডের অনুরোধসহ]।

০৮। ডেপুটি জেনারেল ম্যানেজার, আমদানী কার্গো শাখা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা ঢাকা।

০৯। রেভিনিউ অফিসার (সকল), কাস্টম হাউস, ঢাকা।

১০। এসিসটেন্ট রেভিনিউ অফিসার (সকল), কাস্টম হাউস, ঢাকা।

১১। সভাপতি, কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরোওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশন, কাস্টম হাউস, ঢাকা [স্থায়ী আদেশটি আপনার সদস্যদের বিতরণ ও অবহিতকরণের অনুরোধসহ]।

১২। সভাপতি, ফ্রেইট ফরোওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশন, কাস্টম হাউস, ঢাকা [স্থায়ী আদেশটি আপনার সদস্যদের বিতরণ ও অবহিতকরণের অনুরোধসহ]।

বিতরন (সদয় অবগতির জন্য) (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।

০২। সদস্য (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আর্ন্তজাতিক বানিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।

০৫। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা।

০৬। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৭। পি এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। অফিস কপি।

২৭/১০/২০২০
রেবেকা সুলতানা
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে

cargo order standing order (3).doc